

Postamer-2
SP-2
9/8/16

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং-৮০.১০২.০১১.০০.০০.০১৩.২০১৫- ২৮৬

তারিখঃ ০৮/০৮/২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র পরিদপ্তরের সহকারী পরিচালক (প্রশাসন) পদে লিখিত পরীক্ষা অনুষ্ঠান প্রসঙ্গে।

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র পরিদপ্তরের সহকারী পরিচালক (প্রশাসন) পদে প্রার্থীর ২০০ নম্বরের রচনামূলক লিখিত পরীক্ষা ঢাকাস্থ নিম্নোক্ত কেন্দ্রে সময়সূচী ও আসন ব্যবস্থা অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ-

পরীক্ষার কেন্দ্র, সময়সূচী ও আসন ব্যবস্থা

পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষা কেন্দ্রের নাম	পদের নাম	প্রার্থী সংখ্যা
৩০/০৮/২০১৬ ইং তারিখ, রোজঃ মঙ্গলবার সকাল ৯.৩০ টা থেকে দুপুর ১২.৩০ টা পর্যন্ত।	হাজী আশ্রাফ আলী হাই স্কুল, পূর্ব শেওড়াপাড়া, কাফরুল, ঢাকা-১২১৬।	সহকারী পরিচালক(প্রশাসন) বস্ত্র পরিদপ্তর	৭৫১ জন

২। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র পরিদপ্তরের সহকারী পরিচালক (প্রশাসন) পদে যে সকল প্রার্থী বিপিএসপি ফর্ম-৫ পূরণ করে রেজিস্ট্রেশন করেছেন বা প্রার্থী তালিকাভুক্ত হয়েছে শুধুমাত্র ঐ সকল প্রার্থী কমিশনের ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেয়া হবে না।

৩। লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী কমিশনের (www.bpsc.gov.bd) ওয়েব সাইটে পাওয়া যাবে।

০৮/০৮/২০১৬

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করুন]
[চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)।

Programmer-2
SP-2
৯/৪/১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
(www.bpsc.gov.bd)


নির্দেশাবলী

নং-৮০.১০২.০১১.০০.০০.১৩.২০১৫-১৮২

তারিখঃ ০৮/০৮/২০১৬ ইং।

বিষয়ঃ আগামী ৩০/০৮/২০১৬ তারিখে অনুষ্ঠিতব্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র পরিদপ্তরের সহকারী পরিচালক (প্রশাসন) পদে রচনামূলক লিখিত পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষার্থীর জন্য নির্দেশাবলী

- (১) প্রার্থীকে উল্লিখিত পদের জন্য বাংলা-৫০, ইংরেজী-৫০, সাধারণ জ্ঞান-৪০ এবং গণিত ও মানসিক দক্ষতা বিষয় -৬০ সর্বমোট ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।
- (২) পরীক্ষার নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হবার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ১ ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- (২) বিশেষভাবে উল্লেখ্য, প্রার্থীকে একই সাথে ৪ টি বিষয়ের জন্য ৪টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থী কর্তৃক বাংলা, ইংরেজী, সাধারণ জ্ঞান ও গণিত ও মানসিক দক্ষতা বিষয়াদির জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
- (৪) প্রার্থীকে কলম বা বল পয়েন্ট কলম সাথে আনতে হবে। পরীক্ষা কক্ষে ব্যাগ, হাত ঘড়ি, বইপত্র, মোবাইল ফোন আনা এবং কোন প্রকার যোগাযোগ যন্ত্র বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ এবং পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটরসহ সাইন্টিফিক ক্যালকুলেটর বা এ জাতীয় কোন যন্ত্র ব্যবহার করা যাবে না। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া বাঞ্ছনীয়।
- (৫) পরীক্ষা কেন্দ্রে কোন প্রকার অসাধু পন্থা অবলম্বন এবং অশোভন আচরণের অভিযোগে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যে কোন প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে। পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থী নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুকে নেয়ার পর পরীক্ষার্থী কক্ষ ত্যাগ করবেন।
- (৬) শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন।
- (৭) বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র পরিদপ্তরের সহকারী পরিচালক(প্রশাসন) পদে যে সকল প্রার্থী বিপিএসপি ফর্ম-৫ পূরণ করে অনলাইনে রেজিস্ট্রেশন করেছে বা প্রার্থী তালিকাভুক্ত হয়েছে শুধুমাত্র ঐ সকল প্রার্থী কমিশনের ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেয়া হবে না।


০৮/০৮/২০১৬
ড. নাহিমা আক্তার
পরিচালক(ইউনিট-২)

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করুন।
[চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।